

১ এপ্রিল এইচএসসি শুরু
এসএসসি ও সমমান
পরীক্ষা চলতি
মাসেই শেষ করা
হবে ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ৷ বিএনপি-জামায়াত জোটের নাশকতার আতঙ্কের মধ্যেই শুক্রবার পরীক্ষার দশম দিন পার করল এসএসসি ও সমমানের পরীক্ষার্থীরা। আগের নয় দিনের মতো এ দিনের পরীক্ষাও অনুষ্ঠিত হয়েছে সরকারী ছুটির মাঝেই। তবে পরীক্ষা হয়েছে শান্তিপূর্ণ পরিবেশেই। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে বলেছেন, চলতি মাসেই এসএসসি ও সমমানের পরীক্ষা শেষ করা হবে। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যেই ফল প্রকাশ করা হবে। আর নির্ধারিত সময় এক এপ্রিল থেকেই শুরু হবে এইচএসসি ও সমমানের পরীক্ষা। শুক্রবার (৪ পৃষ্ঠা-৫ কঃ দেখুন)

এসএসসি ও সমমান
(প্রথম পৃষ্ঠার পর)
রাজধানীর গিলগাওয়ে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। শুক্রবার ছিল এসএসসিতে ধর্ম শিক্ষা, দাপিলে ফিকাহ ও উসুলুল ফিকাহ এবং এসএসসি ভোকেশনালে পদার্থবিজ্ঞান-২ (১৯২৫) (সুজনশীল), পদার্থবিজ্ঞান-২ (৮১২৪) (সুজনশীল/সাধারণ) ও দাপিল ভোকেশনালে পদার্থবিজ্ঞান-২ (১৭২৫) (সুজনশীল), পদার্থবিজ্ঞান-২ (৮৫২৫) বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সকাল ৯টায় শুরু হয়ে এ পরীক্ষা দুপুর ১২টা পর্যন্ত চলে। কেন্দ্র পরিদর্শনকালে সকালে শিক্ষামন্ত্রী বাইরে অপেক্ষমান অভিভাবকদের সঙ্গে কথা বলেন। হরতাল-অবরোধে নির্ধারিত দিনে পরীক্ষা অনুষ্ঠিত না হওয়া এবং এতে ফল প্রকাশ হবে বলে মন্ত্রীর কাছে আশঙ্কা প্রকাশ করেন অভিভাবকরা। তাঁরা বলেন, স্যার, আমরা দৃষ্টিভঙ্গি আছি। ছেলেমেয়েরা পড়ায় মন বসাতে পারে না। অভিভাবকরা অভিযোগ করেন, হরতাল-অবরোধে তাদের প্রস্তুতিতে বিঘ্ন ঘটছে। তারা ভালভাবে পরীক্ষা দিতে পারেই না। পাতা যেন একটু ফ্লেক্সিবল (নমনীয়) করে দেখা হয়। শিক্ষার্থীরা হরতাল-অবরোধে নাশকতার কারণে যুদ্ধাবস্থার মধ্যে পরীক্ষা দিচ্ছে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, ১৫ লাখ পরীক্ষার্থী আমার সন্তান। সবার কথা আমার চিন্তা করতে হবে। চলতি মাসের মধ্যে পরীক্ষা শেষ করে এবারও ৬০ দিনের মধ্যে ফলাফল দেয়া হবে বলে জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, আগামী ১ এপ্রিল নির্ধারিত দিনেই এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। শিক্ষামন্ত্রী বলেন, বিএনপি-জামায়াত জোট এসএসসি পরীক্ষা নির্বিঘ্নে অনুষ্ঠানের জন্য তাদের কোন কর্মসূচী প্রত্যাহার করেনি। এরপরও চলতি মাসেই আমরা এসএসসি ও সমমানের পরীক্ষা শেষ করব। এ ছাড়া পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যেই ফলাফল প্রকাশ করা হবে। ভবিষ্যত প্রজন্মের কথা চিন্তা করে আমরা শত বাধা সত্ত্বেও চেষ্টা চালিয়ে যাচ্ছি। তবে ডাড়াছড়ো করে উত্তরপত্র দেখতে গিয়ে যেন পরীক্ষার্থীরা নম্বরবঞ্চিত না হয়, সে বিষয়ে মন্ত্রীর দৃষ্টিআকর্ষণ করেন অভিভাবকরা। সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী বলেন, প্রাক-প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত দেশে ৫ কোটি ৫২ লাখ শিক্ষার্থী রয়েছে। হরতাল-অবরোধে তাদের ক্লাস-পরীক্ষার ক্ষতি হচ্ছে। ১৫ লাখ এসএসসি পরীক্ষার্থীসহ সাড়ে পাঁচ কোটি শিক্ষার্থীর কথা বিবেচনা করে রাজনৈতিক দলগুলোর প্রতি সন্তোষী কার্যক্রম বন্ধ করার আহ্বান জানান মন্ত্রী। জানা গেছে, আজ শনিবার এসএসসিতে বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, সামাজিক বিজ্ঞান: দাপিলে সামাজিক বিজ্ঞান, তাজবিদ নসর ও নযম (মুজাব্বিদ গ্রুপ), তাজবিদ (হিফজুল কোরআন গ্রুপ) বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষা পত্ত ১ মার্চ হওয়ার কথা ছিল।